গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইসিটি অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০২৩.৫৩.০০৬.১৬.১২৬ তারিখ: ১৭ আষাঢ় ১৪২৫
০১ জুলাই ২০১৮

বিষয়: **মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন পরিকল্পনা প্রস্তুতকরণের লক্ষ্যে "ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন পরিকল্পনা রোডম্যাপ ২০২১" কর্মশালায় আমন্ত্রণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর " ভিশন-২০২১" বাস্তবায়ন ও স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে পরিকল্পিত ডিজিটাল গভর্নমেন্ট বাস্তবায়নের কোন বিকল্প নেই।

২। মন্ত্রিপরিষদ সচিব মহোদয় গত ১৪-০৯-২০১৭ খ্রিঃ তারিখ ই-সার্ভিস রোডম্যাপ কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় সকল মন্ত্রনালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধানকে দ্রুত "ই-সার্ভিস রোডম্যাপ ২০২১" কর্মশালায় অংশগ্রহণ করে ই-সার্ভিস বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩। ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় গত ২৭-০৩-২০১৮ খ্রিঃ তারিখে D.O. লেটার প্রদানের মাধ্যমে সংশ্লিষ্ট ২৭টি মন্ত্রনালয়ের মন্ত্রীগণকে তার অধীনস্থ মন্ত্রনালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে আগামী ৩১শে আগস্ট, ২০১৮ তারিখের মধ্যে নিজস্ব উদ্যোগ, ব্যবস্থাপনায় ও অর্থায়নে ই-সার্ভিস রোডম্যাপ পরিকল্পনা সম্পন্ন করার জন্য অনুরোধ করেছেন।

এই ধারাবাহিকতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও এর অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার ই-সার্ভিস রোডম্যাপ পরিকল্পনা সম্পন্ন করার লক্ষ্যে ১৬-১৭ জুলাই, ২০১৮ তারিখ a2i প্রোগ্রাম এর সহায়তায় একটি কর্মশালা নায়েমে অনুষ্ঠিত হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে ০৩ জন (০২ জন পরিচালক/উপপরিচালক পর্যায়ের সিদ্ধান্ত গ্রহণকারী কর্মকর্তা (যার দপ্তরের সার্ভিস সম্পর্কে সম্যক ধারণা আছে) + ০১ জন আই.সি.টি. কর্মকর্তা ((প্রোগ্রামার/সিস্টেমস এনালিষ্ট/সিনিয়র সিস্টেম এনালিস্ট) / আই.সি.টি. ফোকাল পয়েন্ট কর্মকর্তা) এবং শিক্ষা বোর্ড হতে ০২ জন (০১ জন সচিব/কন্ট্রোলার পর্যায়ের সিদ্ধান্ত গ্রহণকারী কর্মকর্তা (যার দপ্তরের সার্ভিস সম্পর্কে সম্যক ধারণা আছে) + ০১ জন আই.সি.টি. কর্মকর্তা ((প্রোগ্রামার/সিস্টেমস এনালিষ্ট/সিনিয়র সিস্টেম এনালিস্ট) / আই.সি.টি. ফোকাল পয়েন্ট কর্মকর্তা) মনোনয়ন প্রদানপূর্বক ( নাম, পদবী, মোবাইল নং, ই-মেইল) তথ্য এবং এতদ্‌সঙ্গে সংযুক্ত কর্মশালা সংশ্লিষ্ট তিনটি Excel File এর ছকসমূহ পূরণপূর্বক আগামি ০৫/০৭/২০১৮ তারিখের মধ্যে নিম্নে বর্ণিত ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

৪। উক্ত কর্মশালার সমাপনী দিনে (১৭/০৭/২০১৮ তারিখ বিকাল ২.০০টা থেকে ৫.০০টা) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর সচিব মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত কর্মশালার সমাপনী দিনে (১৭/০৭/২০১৮ তারিখ দুপুর ১.০০টা থেকে ৫.০০ টা ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণকে (শিক্ষা বোর্ডসমূহের পক্ষে সভাপতি আন্তঃশিক্ষা বোর্ড ও চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ড) উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণকে (শিক্ষা বোর্ডসমূহের পক্ষে সভাপতি আন্তঃশিক্ষা বোর্ড ও চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ড) উপস্থিত থেকে স্বীয়

অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ দ্বারা প্রস্তুতকৃত ই-সার্ভিস বাস্তবায়ন রোড ম্যাপ পরিকল্পনাটি সচিব মহোদয়ের সমীপে উপস্থাপনা করার জন্য বিনীত ভাবে অনুরোধ করা হল।

৫। কর্মশালা সংশ্লিষ্ট যেকোন জিজ্ঞাসা ও বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১-৭-২০১৮
মোঃ মোফাখখারুল ইসলাম
সিনিয়র সিস্টেম এনালিস্ট
ফোন: ৯৫৭৭০৯৬
ইমেইল: ssa@moedu.gov.bd

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):
১) চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা
২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
৩) চেয়ারম্যান, এন.টি.আর.সি.এ, নায়েম, ধানমন্ডি, ঢাকা
৪) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
৫) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৬) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ধানমন্ডি, ঢাকা
৭) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, সেগুনবাগিচা, ঢাকা
৮) ডেপুটি সেক্রেটারি জেনারেল, সচিব এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
৯) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা
১০) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
১১) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
১২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
১৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
১৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
১৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
১৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।

১৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

১৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

২০) সদস্য সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ব্যানবেইস ভবন, পলাশী, ঢাকা

২১) সদস্য সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাষ্ট, ব্যানবেইস, পলাশী, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০২৩.৫৩.০০৬.১৬.১২৬/১(৮) তারিখ: ১৭ আষাঢ় ১৪২৫ / ০১ জুলাই ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১) প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

২) পলিসি অ্যাডভাইজর, পলিসি অ্যাডভাইজর, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

৩) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)

৪) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সচিব, সমন্বয় ও সংস্কার-এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)

৫) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)

৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)

৭) জনাব ফরহাদ জাহিদ শেখ, ই গভর্নেন্স বিশেষজ্ঞ ও ডিজিটাল সার্ভিস এক্সিলারেটর ফোকাল পয়েন্ট, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১-৭-২০১৮
মোঃ মোফাখখারুল ইসলাম
সিনিয়র সিস্টেম এনালিস্ট